



# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬

(শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০১৮ সালে ঢাকা মহানগরীর শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান  
এবং বাংলাদেশ সেনাবাহিনীর শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত)

EIIN-107855

web : [www.acc.edu.bd](http://www.acc.edu.bd)

## একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

১। ঢাকা শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুসারে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বাংলা মাধ্যম ও ENGLISH VERSION এ ভর্তির কার্যক্রম শুরু হয়েছে :

২। আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

বিভাগ	সাধারণ (Civil) ও অন্যান্য কোটাভুক্ত	সেনাবাহিনী ও সেনাবাহিনীতে ঢাকায় কর্মরত প্রতিরক্ষা খাতভুক্ত এবং সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের সন্তান
বিজ্ঞান (বাংলা ও ইংরেজি মাধ্যম)	5.00	সংরক্ষিত আসনের মেধাক্রম অনুযায়ী
ব্যবসায় শিক্ষা	4.50	
মানবিক	4.00	

৩। অনলাইন/এসএমএস এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া:

(ক) **অনলাইনের মাধ্যমে আবেদন:** আবেদনকারীকে website ([www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd))-এ গিয়ে Apply Online এ Click করে প্রয়োজনীয় তথ্য লিখে সর্বনিম্ন ০৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজের জন্য (পছন্দক্রম উল্লেখপূর্বক) আবেদন করা যাবে। আদমজী ক্যান্টনমেন্ট কলেজে ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে পছন্দক্রমের তালিকায় অত্র কলেজকে অবশ্যই ০১ নম্বরে রাখতে হবে।

(খ) **SMS এর মাধ্যমে আবেদন:** টেলিটক মোবাইল ব্যবহার করে সর্বোচ্চ ১০টি কলেজের জন্য আলাদাভাবে আবেদন করতে হবে। আদমজী ক্যান্টনমেন্ট কলেজে ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে মোবাইলের মাধ্যমে আবেদনের ক্ষেত্রে ১ম আবেদনটি অত্র কলেজের জন্য করতে হবে।

(গ) **Help Desk:** অত্র কলেজে স্থাপিত Help Desk এর মাধ্যমে আগামী ১২ মে ২০১৯ থেকে ২৩ জুন ২০১৯ পর্যন্ত সকাল ০৯০০ ঘটিকা থেকে দুপুর ১৩০০ ঘটিকা পর্যন্ত (শুক্র, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) ভর্তি সংক্রান্ত ব্যাপারে পরামর্শ প্রদান করা হবে।

৪। **বিশেষ কোটায় আবেদন করার যোগ্যতা:** সেনাবাহিনীতে কর্মরত, সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত, ঢাকায় কর্মরত MES(Army) ও প্রতিরক্ষা খাতে বেতনভুক্ত শুধুমাত্র সেনা ইউনিটে ঢাকায় কর্মরত বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান SQ কোটায়, মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে FQ কোটায় ও শিক্ষা মন্ত্রণালয়ের ক্ষেত্রে EQ কোটায়, বিভাগের ক্ষেত্রে DQ কোটায়, প্রবাসীদের ক্ষেত্রে PQ কোটায় এবং বিকেএসপি এর জন্য BKSP কোটায় আবেদন করতে হবে। বিমান ও নৌবাহিনীতে চাকুরির বা অবসরপ্রাপ্ত সদস্য এবং বিমান ও নৌবাহিনীর অধীনে কর্মরত প্রতিরক্ষা খাতে বেতনভুক্ত বেসামরিক সদস্যদের সন্তানগণ SQ কোটার অন্তর্ভুক্ত হবে না। শুধুমাত্র SQ কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের কোটার যথার্থতা নিশ্চিত/সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র যাচাই করার জন্য ১৫ মে ২০১৯ থেকে ২৩ মে ২০১৯ পর্যন্ত (শুক্র, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ০৯০০ হতে ১৩০০ ঘটিকা পর্যন্ত অত্র কলেজে অবশ্যই যোগাযোগ করতে হবে। SQ কোটার ক্ষেত্রে শিক্ষার্থীর নাম উল্লেখপূর্বক কর্মরত ইউনিটের অধিনায়কের প্রত্যয়নপত্র, অবসরপ্রাপ্ত সেনা সদস্যদের ক্ষেত্রে CORO/Record's Certificate/কিভার রোল/চাকুরী অবসানের প্রত্যয়নপত্রের কপি, FQ কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও EQ কোটার ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে। বিশেষ কোটায় আবেদন করা প্রার্থীরা উল্লেখিত দিবসসমূহের মধ্যে অত্র কলেজ কর্তৃপক্ষ কর্তৃক কাগজপত্র যাচাই না করলে সংশ্লিষ্ট কোটা সুবিধা হতে বঞ্চিত হবে এবং এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৫। **বোর্ড কর্তৃক আবেদন গ্রহণের সময়:** ১২ থেকে ২৩ মে ২০১৯ পর্যন্ত।

৬। **প্রাথমিক পর্যায়ে নিশ্চায়ন:** ১ম পর্যায়ের ফলাফল প্রকাশের পর ১১ থেকে ১৮ জুন ২০১৯ তারিখের মধ্যে শিক্ষার্থীকে ১৯৫/- টাকা ফি দিয়ে প্রাথমিক Selection নিশ্চায়ন করতে হবে। নিশ্চায়ন না করলে Selection ও আবেদন বাতিল হবে।

৭। **২য় পর্যায়ে আবেদন গ্রহণের সময়:** ১ম পর্যায়ের ফলাফল প্রকাশের পর ১৯ থেকে ২০ জুন ২০১৯ তারিখের মধ্যে শিক্ষার্থীরা বোর্ডের নিয়মানুসারে আবেদন করতে পারবে।

৮। **২য় পর্যায়ের নিশ্চায়ন:** ২য় পর্যায়ের ফলাফল প্রকাশের পর ২২ থেকে ২৩ জুন ২০১৯ তারিখের মধ্যে ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন করতে হবে। নিশ্চায়ন না করলে Selection ও আবেদন বাতিল হবে।

৯। **৩য় পর্যায়ে আবেদন গ্রহণের সময়:** ২য় পর্যায়ের ফলাফল প্রকাশের পর ২৪ জুন ২০১৯ তারিখ শিক্ষার্থীরা বোর্ডের নিয়মানুসারে আবেদন করতে পারবে।

১০। **৩য় পর্যায়ের নিশ্চায়ন:** ৩য় পর্যায়ের ফলাফল প্রকাশের পর ২৬ জুন ২০১৯ তারিখে ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন করতে হবে। নিশ্চায়ন না করলে Selection ও আবেদন বাতিল হবে।

১১। **ফলাফল প্রকাশ:** শিক্ষা বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল প্রকাশের পর কলেজ ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১২। **ভর্তি কার্যক্রম:** ২৭ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত সকাল ০৯০০ ঘটিকা হতে বেলা ০২০০ ঘটিকা পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে।

১৩। **ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:** ভর্তির সময় শিক্ষার্থীকে অনলাইনে পূরণকৃত আবেদনের প্রিন্ট কপি, এক কপি পাসপোর্ট সাইজের ছবি, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও এর ০১ কপি ফটোকপি এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এসএসসি/সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র জমা দিতে হবে।

১৪। **বিস্তারিত তথ্যের জন্য:** মোবাইল- ০১৭৬৯০২৬০৬১, ০১৭৬৯০২৬০৮৪, website: [www.acc.edu.bd](http://www.acc.edu.bd)

অধ্যক্ষ, ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ হাফিজুর রহমান, এএফডব্লিউসি, পিএসসি